

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন  
প্রধান কার্যালয়  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫  
[www.sfdf.org.bd](http://www.sfdf.org.bd)

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১ তম শাহাদাত বার্ষিকীতে  
জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে করণীয় নির্ধারন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব এ এইচ এম আবদুল্লাহ  
ব্যবস্থাপনা পরিচালক

স্থান : প্রধান কার্যালয়স্থ সম্মেলন কক্ষ  
তারিখ : ০৯ আগস্ট, ২০১৬খ্রিঃ  
সময় : বেলা ০৩:০০ ঘটিকা


সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১ তম শাহাদাত বার্ষিকী তে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে করণীয় নির্ধারন বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক জনাব এ এইচ এম আবদুল্লাহ এর সভাপতিত্বে ফাউন্ডেশনের সভা কক্ষে সভা অনুষ্ঠিত হয়।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে দপ্তর সংস্থার করণীয় বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক কতিপয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এ সকল নির্দেশনা অনুযায়ী অত্র ফাউন্ডেশন এবং বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের কার্যক্রম গ্রহণ করতে হবে। তিনি বলেন জাতীয় মুক্তির ঐতিহাসিক সংগ্রাম ও রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশের জনগণ স্বাধীনতা অর্জন করেছে। কিন্তু স্বাধীনতা অর্জনের নেতৃত্বদানকারী এ মহান নেতা ১৫ আগস্ট, ১৯৭৫ খ্রিঃ তারিখ কতিপয় নৃশংস ঘাতকের হাতে সপরিবারে নিহত হন। সভায় উপস্থিত সকলে ১৫ আগস্ট জাতীয় শোক দিবসকে সফলতার সাথে পূর্ণ মর্যাদায় উদযাপন বিষয়ে ব্যক্তিগত মতামত প্রকাশ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ-

- ১) ১৫ আগস্ট, ২০১৬ তারিখ সকাল ৬.৩০ মিনিটে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ব্যানারে ফাউন্ডেশন এবং এর বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত থাকবেন। ফাউন্ডেশনের পক্ষ থেকে পৃথক কোন ব্যানার হবে না। তবে ফুলের স্তবক অর্পণ করতে হবে।
- ২) ফাউন্ডেশন এবং ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে ১৫ আগস্ট ২০১৬ খ্রিঃ, সোমবার সকাল ৬.২০ মিনিটের মধ্যে লাজফার্মার সামনে (কলাবাগান খেলার মাঠের অপজিটে) উপস্থিত থাকতে হবে। পরবর্তীতে ১০.০০ টায় কাকরাইলস্থ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অডিটরিয়ামে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আলোচনা সভায় অংশগ্রহণ করতে হবে।
- ৩) দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ফাউন্ডেশন এবং ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের জেলা ও উপজেলা পর্যায়ের নিজ নিজ কার্যালয়ের সুফলভোগীসহ পৃথকভাবে কর্মসূচি গ্রহণ করতে হবে অথবা কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ জেলা ও উপজেলা প্রশাসন এর সাথে সম্পৃক্ত হয়ে প্রশাসন কর্তৃক গৃহীত এ সংক্রান্ত বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(এ এইচ এম আবদুল্লাহ)  
ব্যবস্থাপনা পরিচালক